# স্কুল ইউনিফর্ম: কাপড়ের অপচয় রুখতে সংস্থাগুলিকে সতর্ক করল পঞ্চায়েত দপ্তর

**নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা:** গত দু'বছর পড়ুয়াদের স্কুল ইউনিফর্ম তৈরির ক্ষেত্রে বেশ কিছু অভিযোগ উঠেছিল। কোনও জেলায় কাপড় নষ্ট, কোথাও আবার মাপ অনুযায়ী পোশাক না বানানোর ফলে অতিরিক্ত কাপড় খরচের অভিযোগ উঠেছিল। এবার তাই বাড়তি সতর্ক রাজ্য সরকার। এক্ষেত্রে অভিযুক্ত সংস্থাগুলির তালিকা তৈরি করতে বলেছে পঞ্চায়েত দপ্তর। সম্প্রতি এনিয়ে জেলাগুলির সঙ্গে বৈঠক হয়েছে বলে জানা গিয়েছে। গুরুতর অভিযোগ রয়েছে, এমন সব সংস্থাকে এবার এই কাজ থেকে বিরত রাখতে বলা হয়েছে। বাকিদের সতর্ক করে দেওয়া হয়েছে। তবে এবার পড়ুয়াদের হাতে যাতে অন্তত এক সেট ইউনিফর্ম গরমের ছুটির পরই যাতে দিয়ে দেওয়া যায়, তার জন্য অনেক আগে থেকে প্রস্তুতি শুরু করে দিয়েছে দপ্তর। জানা গিয়েছে, ইতিমধ্যে ৫৭ লক্ষ মিটার কাপড় জেলায় বণ্টন করা হয়েছে। আরও কয়েক দফায় কাপড় পাঠানো হবে।

গত বছর এক কোটির বেশি পড়ুয়ার জন্য পোশাক তৈরি করেছিলেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা। এ বছর সেই হিসেব মাথায় রেখে কাপড় বণ্টনের প্রক্রিয়া শুরু হয়েছে। ঠিক হয়েছে, এবারে এই স্কুল ইউনিফর্ম তৈরির জন্য যে কাপড় প্রয়োজন, তা পাওয়ারলুমের সাহায্যে উৎপাদিত হবে। সূত্রের খবর, ইউনিফর্মের জন্য অন্তত পাঁচ কোটি মিটার কাপড় প্রয়োজন। গতবার বেশিরভাগ কাপড় টেন্ডার করে সংগ্রহ করতে হয়েছিল দপ্তরকে। কিন্তু এবার পুরো কাপড় রাজ্যেই যাতে পাওয়া যায়, সেই চেষ্টা করা হচ্ছে।